গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
সাধারণ শাখা
www.meherpur.gov.bd

# মেহেরপুর জেলায় ১৭ এপ্রিল ২০১৯ ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: আতাউল গনি<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৩.০৪.২০১৯ খ্রি., |
| সভার সময় | সন্ধ্যা ০৭:০০ ঘটিকা |
| স্থান | জেলা শিল্পকলা একাডেমি মিলয়াতন, মেহেরপুর |
| উপস্থিতি | পরিশিষ্ট -‘ক’ |

সভাপতি উপস্থিত সুধী ও আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে ১৭ এপ্রিল ২০19 তারিখ ঐতিহাসিক মুজিবনগর দিবসের প্রস্তুতিমূলক সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মেহেরপুর গত ২৭.০২.২০১৯ তারিখে অনুষ্ঠিত ১৭ এপ্রিল, ২০১৯ ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন উপলক্ষে আন্ত:মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। ১৯৭১ সালের ১৭ এপ্রিল বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগরে গঠিত হয়। প্রতি বছর ঐতিহাসিক মুজিবনগর দিবসে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, সংসদ সদস্য, রাজনৈতিক ব্যক্তিত্ব, সরকারের বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ এ জেলায় আগমন করেন। তিনি যথাযোগ্য মর্যাদায় আড়ম্বরের সাথে দিবসটি উদযাপনে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সদস্যদের মতামত আহবান করেন। সকলের পূর্ণ সহযোগিতায় অনুষ্ঠানটি অন্যান্য বছরের তুলনায় আরও আড়ম্বরপূর্ণ, আকর্ষণীয় ও জাঁকজমকপূর্ণ হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০২। বিস্তারিত আলোচনান্তে মেহেরপুর জেলায় যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| তারিখ ও বার | সময় | কর্মসূচি | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৭ এপ্রিল ২০১৯ বুধবার | সূর্যোদয়ের সাথে সাথে | মুজিবনগর স্মৃতিসৌধে জাতীয় পতাকা উত্তোলন | ১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।<br>২. জেলা প্রশাসক, মেহেরপুর।<br>৩. পুলিশ বিভাগ, মেহেরপুর। |

| | | | |
|---|---|---|---|
| | সকাল ৯:০০টা | মাননীয় প্রধান অতিথি কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, পুষ্পস্তবক অর্পণ এবং মুজিবনগর স্মৃতিসৌধ প্রাঙ্গণে বীর মুক্তিযোদ্ধা, বিজিবি, পুলিশ বাহিনী, আনসার ও ভিডিপি, বিএনসিসি, স্কাউট, গার্লস গাইড এবং স্কুলের শিক্ষার্থীগণ কর্তৃক গার্ড অব অনার প্রদান ও কুচকাওয়াজ প্রদর্শন | ১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। ২. জেলা প্রশাসক, মেহেরপুর। ৩. পুলিশ সুপার, মেহেরপুর। ৪. অধিনায়ক, ৪৭ বিজিবি, কুষ্টিয়া। ৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মেহেরপুর। ৬. জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর। ৭. জেলা কমাণ্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মেহেরপুর। ৮. কমাণ্ডার, মুক্তিযোদ্ধা ইউনিট কমাণ্ড, মেহেরপুর। |
| | সকাল ১০:০০ টা | মুজিবনগর স্মৃতিসৌধ প্রাঙ্গণে "বদলে যাও, বদলে দাও" শিরোনামে গীতিনাট্য | ১. জেলা প্রশাসক, মেহেরপুর। ২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মেহেরপুর। |
| | সকাল ১০:৪৫ টা | মুজিবনগর শেখ হাসিনা মঞ্চে ঐতিহাসিক মুজিবনগর দিবস সম্পর্কে আলোচনা সভা | ১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। ২. জেলা প্রশাসক, মেহেরপুর। |
| ১৭ এপ্রিল ২০১৯ বুধবার | কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | সংবাদপত্রে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ | ১. জেলা তথ্য অফিসার, মেহেরপুর। ২. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, মেহেরপুর। |
| | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ে | শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ঐতিহাসিক মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | ১. জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর। ২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মেহেরপুর। |

| | | | |
|---|---|---|---|
| ১৭ এপ্রিল ২০১৯ বুধবার | বিকেল ৫:০০ টায় | মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সের নির্ধারিত মঞ্চে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ে | উন্মুক্ত স্থানে ও প্রেক্ষাগৃহে বিনামূল্যে মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী | জেলা তথ্য অফিসার, মেহেরপুর। |

০৩. **<u>বিভিন্ন কমিটি ও উপ-কমিটি গঠন:</u>**

১৭ এপ্রিল, ২০১৯ মুজিবনগর দিবস যথাযথভাবে উদযাপন উপলক্ষে গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সভায় নিম্নলিখিত কমিটি ও উপ-কমিটিসমূহ গঠন করা হয়:

**(ক) <u>জেলা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>:**

| | | |
|---|---|---|
| ০১. | জনাব ফরহাদ হোসেন (এমপি), মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা | উপদেষ্টা |
| ০২. | জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭৪ মেহেরপুর-২ | উপদেষ্টা |
| ০৩. | চেয়ারম্যান, জেলা পরিষদ, মেহেরপুর | উপদেষ্টা |
| ০৪. | জেলা প্রশাসক, মেহেরপুর | আহবায়ক |
| ০৫. | পুলিশ সুপার, মেহেরপুর | সদস্য |
| ০৬. | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর | সদস্য |
| ০৭. | পরিচালক, ৪৭ বিজিবি, কুষ্টিয়া | সদস্য |
| ০৮. | পরিচালক, ৬ বিজিবি, চুয়াডাঙ্গা | সদস্য |
| ০৯. | সিভিল সার্জন, মেহেরপুর | সদস্য |
| ১০. | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মেহেরপুর | সদস্য |
| ১১. | মেয়র, মেহেরপুর/গাংনী পৌরসভা | সদস্য |
| ১২. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ১৩. | উপজেলা চেয়ারম্যান, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর | সদস্য |
| ১৪. | উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর ও মুজিবনগর | সদস্য |
| ১৫. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর | সদস্য |
| ১৬. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ১৭. | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মেহেরপুর | সদস্য |
| ১৮. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মেহেরপুর | সদস্য |
| ১৯. | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ২০. | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ২১. | কমান্ডার, র‌্যাব-৬, গাংনী, মেহেরপুর | সদস্য |
| ২২. | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মেহেরপুর | সদস্য |
| ২৩. | জেলা খাদ্য নিয়ন্ত্রক, মেহেরপুর | সদস্য |
| ২৪. | জেলা তথ্য অফিসার, মেহেরপুর | সদস্য |
| ২৫. | জেলা নির্বাচন অফিসার, মেহেরপুর | সদস্য |
| ২৬. | জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর | সদস্য |
| ২৭. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মেহেরপুর | সদস্য |
| ২৮. | জেলা রেজিস্ট্রার, মেহেরপুর | সদস্য |
| ২৯. | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ৩০. | উপ- পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মেহেরপুর | সদস্য |
| ৩১. | নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকোলিঃ, মেহেরপুর | সদস্য |
| ৩২. | জেলা সমবায় অফিসার, মেহেরপুর | সদস্য |
| ৩৩. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর | সদস্য |

| | | |
|---|---|---|
| ৩৪. | জেলা মৎস্য অফিসার, মেহেরপুর | সদস্য |
| ৩৫. | সহকারী বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, মেহেরপুর | সদস্য |
| ৩৬. | উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মেহেরপুর। | সদস্য |
| ৩৭. | জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি | সদস্য |
| ৩৮. | আরআইঅব পুলিশ, মেহেরপুর | সদস্য |
| ৩৯. | জেলা বাজার অনুসন্ধানকারী কর্মকর্তা, মেহেরপুর | সদস্য |
| ৪০. | কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা কমান্ড ইউনিট, মেহেরপুর | সদস্য |
| ৪১. | জনাব মোঃ জয়নাল আবেদীন, সাবেক এমপি, মেহেরপুর | সদস্য |
| ৪২. | জনাব মোঃ মকবুল হোসেন, সাবেক এমপি, গাংনী, মেহেরপুর | সদস্য |
| ৪৩. | বিজ্ঞ জি,পি, মেহেরপুর | সদস্য |
| ৪৪. | বিজ্ঞ পি,পি, মেহেরপুর | সদস্য |
| ৪৫. | সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ৪৬. | চেয়ারম্যান, মোনাখালী/দারিয়াপুর/বাগোয়ান/মহাজনপুর, আমঝুপি ইউনিয়ন পরিষদ, মেহেরপুর | সদস্য |
| ৪৭. | সভাপতি/সম্পাদক, জেলা মহিলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ৪৮. | সভাপতি/সম্পাদক, জেলা যুবলীগ, মেহেরপুর | সদস্য |
| ৪৯. | সভাপতি/সম্পাদক, জেলা ছাত্রলীগ, মেহেরপুর | সদস্য |
| ৫০. | সভাপতি/সম্পাদক, জেলা কৃষকলীগ, মেহেরপুর | সদস্য |
| ৫১. | সভাপতি/সম্পাদক, জাতীয় পার্টি, মেহেরপুর | সদস্য |
| ৫২. | সভাপতি/সম্পাদক, জাতীয় পার্টি (জেপি), মেহেরপুর | সদস্য |
| ৫৩. | সভাপতি/সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, মেহেরপুর সদর/মুজিবনগর/গাংনী | সদস্য |
| ৫৪. | হাজী মোঃ আশকার আলী, উপদেষ্টা, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ৫৫. | জনাব আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সহ-সভাপতি, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ৫৬. | জনাব মোঃ আব্দুল হালিম, সহ সভাপতি, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ৫৭. | জনাব শামীম আরা হীরা, চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, মেহেরপুর | সদস্য |
| ৫৮. | সভানেত্রী/সম্পাদিকা, জেলা মহিলা ক্রীড়া সংস্থা, মেহেরপুর | সদস্য |
| ৫৯. | সভাপতি/সম্পাদক, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ, মেহেরপুর | সদস্য |
| ৬০. | সভাপতি/সম্পাদক, বাংলাদেশ মেডিকেল এ্যাসোসিয়েশন, মেহেরপুর | সদস্য |
| ৬১. | সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, মেহেরপুর | সদস্য |
| ৬২. | সভাপতি/সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, মেহেরপুর | সদস্য |
| ৬৩. | সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, মেহেরপুর | সদস্য |
| ৬৪. | সম্পাদক, দৈনিক প্রতিদিন, মেহেরপুর | সদস্য |
| ৬৫. | সভাপতি, জেলা মৎস্যজীবী সমিতি, মেহেরপুর | সদস্য |
| ৬৬. | সভাপতি, মাধ্যমিক শিক্ষক সমিতি, মেহেরপুর | সদস্য |
| ৬৭. | সভাপতি, জেলা প্রাথমিক শিক্ষক সমিতি, মেহেরপুর | সদস্য |
| ৬৮. | সম্পাদক, জেলা রোভার, মেহেরপুর | সদস্য |
| ৬৯. | সভাপতি/সম্পাদক, জেলা এনজিও সমিতি, মেহেরপুর | সদস্য |
| ৭০. | জনাব আশরাফ মাহমুদ, সঙ্গীত পরিচালক ও কন্ঠশিল্পী, বিটিভি ও বেতার | সদস্য |

**(খ) <u>সাজসজ্জা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মেহেরপুর | আহবায়ক |
| ০২. | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মেহেরপুর | সদস্য |
| ০৩. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর | সদস্য |

| | | |
|---|---|---|
| ০৪. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ০৫. | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মেহেরপুর | সদস্য |
| ০৬. | উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর | সদস্য |
| ০৭. | জনাব মোঃ মহিদুল হক, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ০৮. | জনাব মোঃ মিনহাজুল ইসলাম, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ০৯ | জনাব মোঃ শাহিনুর রহমান, প্যানেল মেয়র, মেহেরপুর পৌরসভা | সদস্য |
| ১০. | সভাপতি/সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, মুজিবনগর, মেহেরপুর | সদস্য |
| ১১. | চেয়ারম্যান, মোনাখালী/দারিয়াপুর/বাগোয়ান/মহাজনপুর ইউনিয়ন পরিষদ, মুজিবনগর | সদস্য |
| ১২. | নির্বাহী পরিচালক, পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতি, মেহেরপুর | সদস্য |
| ১৩. | নির্বাহী পরিচালক, দারিদ্র্ বিমোচন সংস্থা, মেহেরপুর | সদস্য |
| ১৪. | নির্বাহী পরিচালক, সোডাপ (সিবিএসডিপি), মেহেরপুর | সদস্য |
| ১৫. | জেলা ব্রাক প্রতিনিধি, মেহেরপুর | সদস্য |
| ১৬. | জনাব মোঃ আব্দুল মান্নান, নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ১৭. | জনাব এস, কে তৌহিদুল ইসলাম, সহকারী নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |

**(গ) <u>আপ্যায়ন ও ব্যবস্থাপনা উপ-কমিটি</u> <u>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মেহেরপুর | আহবায়ক |
| ০২. | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মেহেরপুর | সদস্য |
| ০৩. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ০৪. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর | সদস্য |
| ০৫. | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মেহেরপুর | সদস্য |
| ০৬. | উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর | সদস্য |
| ০৭. | রেভিনিউ ডেপুটি কালেক্টর, মেহেরপুর | সদস্য |
| ০৮. | নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুর | সদস্য |
| ০৯ | সহকারী পুলিশ সুপার (সার্কেল), মেহেরপুর | সদস্য |
| ১০. | জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর | সদস্য |
| ১১. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মেহেরপুর | সদস্য |
| ১২. | কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড ইউনিট, মেহেরপুর | সদস্য |
| ১৩. | হাজী মো: আশকার আলী, সম্মানিত উপদেষ্টা, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ১৪. | জনাব আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সহ সভাপতি, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ১৫. | অ্যাড. মোঃ মিয়াজান আলী, মেহেরপুর | সদস্য |
| ১৬. | সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, মেহেরপুর সদর/মুজিবনগর/গাংনী | সদস্য |
| ১৭. | সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, মুজিবনগর, মেহেরপুর | সদস্য |
| ১৮. | চেয়ারম্যান, মোনাখালী/দারিয়াপুর/বাগোয়ান/মহাজনপুর ইউনিয়ন পরিষদ, মুজিবনগর | সদস্য |
| ১৯. | সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, মেহেরপুর | সদস্য |
| ২০. | জনাব মোঃ আফতাব আলী খাঁন, সহকারী নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ২১. | জনাব মোঃ আলতাফ হোসেন, সহকারী কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ কমান্ড, মেহেরপুর | সদস্য |
| ২২. | অফিসার ইন চার্জ, মুজিবনগর থানা, মুজিবনগর, মেহেরপুর | সদস্য |
| ২৩. | জনাব মোঃ আব্দুল হালিম, সভাপতি, জেপি, মেহেরপুর | সদস্য |

(ঘ) **সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মেহেরপুর | আহবায়ক |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/মুজিবনগর | সদস্য |
| ০৩. | জনাব মোঃ মহিদুল হক, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ০৪. | জনাব কাজী মোহাম্মদ অনিক ইসলাম, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ০৫. | জনাব মোহাঃ হাসানুজ্জামান মালেক, উপাধ্যক্ষ (অবঃ), মেহেরপুর সরকারি কলেজ | সদস্য |
| ০৬. | জনাব মুহাঃ আব্দুল্লাহ আল আমিন, সহযোগী অধ্যাপক, মেহেরপুর সরকারি কলেজ | সদস্য |
| ০৭. | জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর | সদস্য |
| ০৮. | জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, মেহেরপুর | সদস্য |
| ০৯ | সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমী, মেহেরপুর | সদস্য |
| ১০. | জনাব ফৌজিয়া আফরোজ তুলি, সভাপতি, উদীচী শিল্পী গোষ্ঠী, মেহেরপুর | সদস্য |
| ১১. | সাধারণ সম্পাদক, মেহেরপুর থিয়েটার | সদস্য |
| ১২. | জনাব আশরাফ মাহমুদ, সঙ্গীত পরিচালক ও কন্ঠ শিল্পী, বিটিভি ও বেতার | সদস্য |
| ১৩. | জনাব আলী রেজা বিচু, যুগ্ম-সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, মেহেরপর | সদস্য |
| ১৪. | জনাব মোঃ মমিনুল ইসলাম, সহসভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, মেহেরপর | সদস্য |
| ১৫. | জনাব তানিম আহাম্মদ, সঙ্গীত শিল্পী, মেহেরপুর | সদস্য |
| ১৬. | জনাব সুমন, সভাপতি, ব্যান্ড অ্যাসোসিয়েশন, মেহেরপুর | সদস্য |

(ঙ) **স্মরণিকা প্রকাশের জন্য উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মেহেরপুর | আহবায়ক |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ০৩. | উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর | সদস্য |
| ০৪. | উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর | সদস্য |
| ০৫. | জনাব মোঃ রকিবুল হাসান, নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুর | সদস্য |
| ০৬. | জনাব মোঃ মহিদুল হক, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ০৭. | জনাব আরিফা সুলতানা, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ০৮. | জনাব মোঃ মিনহাজুল ইসলাম, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ০৯ | কাজী মোহাম্মদ অনিক ইসলাম, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |

(চ) **মেডিকেল টিম উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ০১. | সিভিল সার্জন, মেহেরপুর | আহবায়ক |
| ০২. | তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, মেহেরপুর | সদস্য |
| ০৩. | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ০৪. | সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন, মেহেরপুর শাখা | সদস্য |
| ০৫. | সভাপতি, স্বাচিপ, মেহেরপুর | সদস্য |
| ০৬. | সম্পাদক, রেড ক্রিসেন্ট, মেহেরপুর | সদস্য |
| ০৭. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মুজিবনগর, মেহেরপুর | সদস্য |

(ছ) **আইন-শৃঙ্খলা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত পুলিশ সুপার, মেহেরপুর | আহবায়ক |
| ০২. | নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুর | সদস্য |
| ০৩. | অফিসার ইনচার্জ, মুজিবনগর থানা, মেহেরপুর | সদস্য |
| ০৪. | প্রতিনিধি, কমাণ্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মেহেরপুর | সদস্য |

০৪। **গৃহীত অন্যান্য সিদ্ধান্তসমূহ:**

(১) ঐতিহাসিক মুজিবনগর দিবস-২০১৯ উদযাপন উপলক্ষে গৃহীত সকল কর্মসূচিতে আইন-শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করবেন পুলিশ সুপার, মেহেরপুর। এ ছাড়া আইন-শৃংখলা স্বাভাবিক রাখার প্রয়োজনে অতিথিদের গাড়ী, নছিমন, করিমন ও আলগামনসহ বিভিন্ন ধরণের যানবাহন পিকনিক কর্ণারের মাঠে রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল ভিআইপি গাড়ী জনসভায় আসার জন্য ব্যবহার করা হবে তার তালিকা পূর্ব থেকে প্রাপ্তির নিমিত্ত পুলিশ সুপার মহোদয় সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। মেহেরপুর হতে মুজিবনগর পর্যন্ত রাস্তার সকল স্পীড ব্রেকারগুলো মার্কিং করার জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মেহেরপুর, ভিআইপি অতিথিদের তালিকা, দর্শকদের সুবিধার্থে সাংস্কৃতিক অনুষ্ঠান স্থলে ০৩(তিন) টি স্থানে জায়ান্ট স্ক্রীন এর মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য ডিস ক্যাবল মালিকদের অনুরোধ করা ও পার্কের মধ্যে নির্দিষ্ট এরিয়ার মধ্যে ফুডজোন তৈরী করা এবং দর্শক শ্রোতারা কোন প্রকারের ব্যানার/ফেস্টুনের সাথে লাঠি নিয়ে অনুষ্ঠানে প্রবেশ না করা ইত্যাদি বিষয়গুলো বাস্তবায়নে সংশ্লিষ্টদের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য পুলিশ সুপার, মেহেরপুর সকলকে অনুরোধ জানান।

(২) আইন-শৃংখলা রক্ষায় জেলা কোর কমিটির সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা।

( ৩) ১৭ এপ্রিল, ২০১৯ ঐতিহাসিক মুজিবনগর দিবসে বিভিন্ন পর্যায়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী/উর্ধ্বতন কর্মকর্তাগণ এ জেলাতে অবস্থান করবেন। সুতরাং অতিথিদের আবাসনের জন্য মেহেরপুর জেলার সরকারি, বে-সরকারি রেষ্ট হাউজ ও ব্যক্তি মালিকানাধীন আবাসিক হোটেল আগামী ১৪/০৪/২০১৯ খ্রি. তারিখ হতে ১৮/০৪/২০১৯ পর্যন্ত বুকিংয়ের ব্যবস্থা গ্রহণের জন্য নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুরকে অনুরোধ করা হয়। সেই সাথে তিনি আবাসনের সংকট দেখা দিলে প্রয়োজনে পার্শ্ববর্তী জেলা চুয়াডাঙ্গা-কুষ্টিয়া জেলার সার্কিট হাউজ এবং অন্যান্য রেষ্ট হাউজ বুকিং দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।

(৪) মেহেরপুর শহর পরিষ্কার পরিচ্ছন্নকরণসহ শহরের প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ রঙিন পতাকা দ্বারা সজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মেয়র, মেহেরপুর পৌরসভা।

(৫) মেহেরপুর থেকে মুজিবনগর পর্যন্ত সড়কসহ মুজিবনগর উপজেলার প্রধান প্রধান স্থাপনা, সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন রঙের পতাকা দিয়ে সুসজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মেয়র, মেহেরপুর পৌরসভা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, মেহেরপুর।

(৬) মুজিবনগর উপজেলার সকল গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বে-সরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

(৭) ১৭ এপ্রিল, ২০১৯ ঐতিহাসিক মুজিবনগর দিবসে পানি ও টয়লেট স্থাপন/সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর। এ ছাড়া মেয়র, মেহেরপুর পৌরসভার পক্ষ থেকে পর্যাপ্ত খাবার পানি সরবরাহের ব্যবস্থা করার বিষয়ে মত প্রকাশ করেন।

(৮) রেস্ট হাউজগুলো পরিষ্কার পরিচ্ছন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ।

(০৯) মুজিবনগরের হেলিপ্যাড ও আম্রকানন পরিষ্কার এবং আম গাছগুলি রং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি, মেহেরপুর।

(১০) মুজিবনগরের আম্রকাননে ১৭ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠানস্থলসহ সকল জায়গায় যাতে ধুলো বালি না উড়ে সেজন্য পূর্ব হতেই পানি ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মেহেরপুর।

(১১) সাংস্কৃতিক অনুষ্ঠানে সাউন্ড সিস্টেম স্থাপন, ব্যাপক প্রচার ও জনসভার মাইক সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন জেলা তথ্য অফিসার, মেহেরপুর। পুলিশ সুপার মহোদয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সাংস্কৃতিক অনুষ্ঠান দর্শনার্থীদের সুবিধার্থে রাত্র ১০:০০ মিনিট পর্যন্ত চলার বিষয়ে সভার পক্ষ থেকে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া চেয়ারম্যান, বাগোয়ান ইউনিয়ন পরিষদ এর পক্ষ থেকে উক্ত অনুষ্ঠানে মাইক সরবরাহ করা হবে মর্মে মত প্রকাশ করেন। উক্ত অনুষ্ঠানে স্থানীয় শিল্পী ছাড়াও জনপ্রিয় কন্ঠশিল্পী হিসেবে সারেগামাপা, জি বাংলা, সংগীত অনুষ্ঠান, ভারতে অংশগ্রহণকারীদের উপস্থিতির বিষয়ে সভার পক্ষ থেকে মত প্রকাশ করা হয়। এছাড়া স্ট্যাণ্ডবাই জেনারেটর ও হেলোজেন লাইটসহ মোটেল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আশেপাশের সব জায়গায় লাইটিং এর বিষয়টি নিশ্চিত করবেন নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লি:, মেহেরপুর এবং জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর।

(১২) মেহেরপুর থেকে মুজিবনগর পর্যন্ত রাস্তা ঘাট ও তৎসংলগ্ন ঝোপঝাড় পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ, মেহেরপুর। এছাড়া চেয়ারম্যান, বাগোয়ান ইউনিয়ন পরিষদ জানান তার পক্ষ থেকে মূলপার্ক এর ঝোপঝাড়সহ অন্যান্য এলাকাগুলো পরিস্কার-পরিচ্ছন্নতার নিমিত্ত ২০০ জন শ্রমিক সরবরাহ করা হবে।

(১৩) গাড়ি পার্কিং এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন পুলিশ সুপার, মেহেরপুর।

(১৪) স্ট্রিট লাইট, পর্যটন মোটেল, মুজিবনগরের এসি চালু রাখার নিমিত্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর।

(১৫) জেলা পর্যায়ের সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারী ১৭ এপ্রিল, ২০১৯ মুজিবনগর দিবস শেষ না হওয়া পর্যন্ত কর্মস্থলে অবস্থান করবেন এবং সার্বিক সহযোগিতা করবেন।

(১৬) সকল সংবাদপত্রে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন স্থানীয় সকল পত্রিকার সাংবাদিক, সম্পাদক ও ইলেক্ট্রনিক মিডিয়া।

(১৭) ঐতিহাসিক মুজিবনগর দিবস-২০১৯ উদযাপন উপলক্ষে দিবসের পূর্ব হতেই নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লি: ও জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর।

(১৮) ১৭ এপ্রিল-২০১৯ ঐতিহাসিক মুজিবনগর দিবসে গার্ড অব অনার প্রদান করবেন মুজিবনগর সরকারকে প্রথম যাঁরা স্যালুট করেছিলেন তাঁরা এবং এ জেলার মুক্তিযোদ্ধাগণ। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড ইউনিট, মেহেরপুর।

(১৯) ১৭ এপ্রিল ২০১৯ ঐতিহাসিক মুজিবনগর দিবসে ৩,০০০ লিটার পানি নিয়ে একটি গাড়ি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মেয়র, মেহেরপুর পৌরসভা।

(২০) অনুষ্ঠানে পানি সমস্যা দূরীকরণে প্রয়োজনীয় সংখ্যক টিউবওয়েল ও ট্যাপ বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।

(২১) আটকবর থেকে কেদারগঞ্জ, আটকবর থেকে মেহেরপুর-মুজিবনগর, মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সের হেলিপ্যাড থেকে বাগোয়ান পর্যন্ত রাস্তার দু'পাশ পরিস্কার-পরিচ্ছন্ন এবং দন্ডায়মান গাছের গোড়া রং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, মেহেরপুর।

(২২) কুষ্টিয়া-মেহেরপুর, চুয়াডাঙ্গা-মেহেরপুর ও মেহেরপুর-মুজিবনগর রাস্তায় তোরণ নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়ন করবেন সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।

(২৩) ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০১৯ উপলক্ষে মুজিবনগর উপজেলার উদ্দেশ্যে মেহেরপুর

জেলার সকল রুটে অতিরিক্ত বাস-মিনিবাস চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন সভাপতি, বাস ও মিনিবাস মালিক সমিতি, মেহেরপুর।

(২৪) মোটেল এবং পর্যটন মোটেল মেহেরপুরের সকল রুম পরিস্কার পরিচ্ছন্ন ও প্রয়োজনীয় সংখ্যক বেড শীটসহ অন্যান্য প্রয়োজনীয় মালামাল সরবরাহসহ সম্মানিত অতিথিদের থাকার জন্য বেডশীটসমূহ পরিস্কার পরিচ্ছন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর।

(২৫) কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে সম্মানীত মুক্তিযোদ্ধাদের যাতে জায়গা পরিবর্তন না করা লাগে সে ব্যবস্থা গ্রহণ করা।

(২৬) সাংস্কৃতিক অনুষ্ঠান দর্শকদের শান্তিপ্রিয়ভাবে দেখার বিষয়ে পুলিশ বিভাগের পক্ষ থেকে তদারকির ব্যবস্থা গ্রহণ করা।

(২৭) স্থানীয় শিল্পীদের আলাদা স্টেজ এবং সাংবাদিকদের বসার জন্য পৃথক স্টেজের ব্যবস্থা করা।

(২৮) সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, গাড়ী পার্কিং, গাছের গোড়া রং, মুক্তিযোদ্ধাদের বসার আলাদা জায়গার ব্যবস্থাসহ এলাকার আবাসিক হোটেলগুলো পূর্ব থেকে খালি রাখা এবং জনগণের ব্যাপক উপস্থিতি নিশ্চিত করা ইত্যাদি কাজ বাস্তবায়ন নিশ্চিত করাসহ আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার বিষয়ে সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর সকলের প্রতি অনুরোধ জানান।

(২৯) বর্ণিত উপকমিটিসমূহ প্রয়োজনে একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আতাউল গনি
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৬.২৩.০১১.১৮.২৩৯

তারিখ: ৩ বৈশাখ ১৪২৬
১৬ এপ্রিল ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল ভবন, ঢাকা।

৩) বিভাগীয় কমিশনার, খুলনা ।

৪) ......................................................................,

........................................................................

৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর। (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)

মো: আতাউল গনি
জেলা প্রশাসক